দুটি সন্তানের বেশী নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬,কাওরান বাজার, ঢাকা-১২১৫
(www.dgfp.bd.org)

স্মারক নং- পপঅ/এমসিআরএএইচ/২০০২/বিবিধ-৩০০/অংশ-৪/২১৬

তারিখ ঃ ২৪/০২/২০১৫খ্রিঃ

## পরিপত্র

আপনি অবগত আছেন যে, মা ও শিশু মৃত্যু রোধে এবং মা-শিশু স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্যের উন্নয়নকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর একযোগে কাজ করছে। এ প্রেক্ষিতে, জাতীয় পর্যায় হতে মাঠ পর্যায় পর্যন্ত বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হচ্ছে। বর্তমানে জাতীয় পর্যায়ে গঠিত MNCH & FP Task Group ইতোমধ্যে গৃহীত কর্মসূচীসমূহের সফল বাস্তবায়নের লক্ষ্যে গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করেছে। এসকল সিদ্ধান্ত সমূহের একটি হচ্ছে, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মসূচীসমূহ সমন্বয়ের মাধ্যমে জেলা পর্যায়ের জরুরী প্রসূতিসেবা পরিচালনা করা এবং গতিশীলতা আনয়ন করা। এ ক্ষেত্রে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে সেবা কেন্দ্রসমূহে সার্বক্ষনিক প্রশিক্ষিত জনবলের (অব্স/গাইনী এবং এনেসথেসিয়া বিশেষজ্ঞ চিকিৎসক) উপস্থিতি নিশ্চিত করা। এ সমস্যা নিরসনে ইতোপূর্বেও বিভিন্ন সময়ে দুই অধিদপ্তরের মহাপরিচালকগণ, যৌথ স্বাক্ষরে পরিপত্র ও নির্দেশনাসমূহ জারী করেছেন। বর্তমানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে উভয় অধিদপ্তরের কর্মকর্তাগণের আরও সমন্বিত সেবা প্রদানের মাধ্যমে অধিকতর সাফল্য তথা এমডিজি-৪ ও এমডিজি-৫ অর্জন করা সম্ভব হবে। এ প্রেক্ষিতে, নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তাগণকে এই নির্দেশনা মোতাবেক সেবা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনা সমূহঃ

১. জেলা হাসপাতালে কর্মরত কনসালটেন্ট/মেডিক্যাল অফিসার (অবস-গাইনী)/(এনেসথেসিয়া) এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মরত মেডিকেল অফিসার (অবস-গাইনী)/(এনেসথেসিয়া) টীম ওয়ার্কের মাধ্যমে কাজ করবেন। এদুটি প্রতিষ্ঠানের যে কোন একটিতে পদ শূণ্য থাকলে অথবা সংশ্লিষ্ট চিকিৎসক কর্মকর্তা ছুটিতে থাকলে, সংশ্লিষ্ট চিকিৎসক কর্মকর্তাগণ পারস্পারিক সমঝোতার মাধ্যমে সিজারিয়ান অপারেশন ও অন্যান্য জরুরী প্রসূতি সেবা সংক্রান্ত অপারেশন সম্পন্ন করবেন।

২. মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার (ক্লিনিক) কর্তৃক জটিল রোগী সদর হাসপাতালে রেফার করা হলে, উক্ত হাসপাতালের সংশ্লিষ্ট চিকিৎসক কর্মকর্তাগণ রেফারকৃত ক্লায়েন্টকে অগ্রাধিকার প্রদান করবেন।

৩. 'জরুরী প্রসূতী সেবা' প্রদানের ক্ষেত্রে উদ্ভুত যে কোন জটিলতার ক্ষেত্রে উভয় হাসপাতালের সংশ্লিষ্ট চিকিৎসক কর্মকর্তাগণ তা নিরসনে পরস্পরকে সহযোগিতা করবেন।

৪. জেলা হাসপাতাল এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্র দুটিতে বিশেষজ্ঞ চিকিৎসকের অভাবে কোনক্রমেই সেবা প্রদান কার্যক্রম ব্যহত না হয় সে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করবেন এবং উভয় কেন্দ্রের সংশ্লিষ্ট চিকিৎসক কর্মকর্তাগণ একে অপরের সহায়ক ও পরিপূরক হিসেবে কাজ করবেন।

৫. এ দুটি কেন্দ্রে জরুরী প্রসূতী সেবা প্রদানে উদ্ভুত জটিলতা নিরসনে জেলা পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ (সিভিল সার্জন/উপ-পরিচালক/সহকারী পরিচালক-সিসি) পারস্পারিক সহযোগিতায় তা সমাধানের ব্যবস্থা গ্রহণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

অবিলম্বে এ আদেশ পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৪/০২/১৫

২৪.২.১৫

স্মারক নং- পপঅ/এমসিআরএএইচ/২০০২/বিবিধ-৩০০/অংশ-৪/ ২৯৬/১(২০০০) তারিখ ঃ ২৪/০২/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরণ করা হলো ঃ

১. অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. যুগ্ম-সচিব (পঃ কঃ ও কার্যক্রম), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. পরিচালক (সকল).................................................... (স্বাস্থ্য অধিদপ্তর)/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, স্বাস্থ্য/ পরিবার পরিকল্পনা (সকল), ..................................................., বিভাগ।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণলয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিভিল সার্জন/ উপ-পরিচালক পরিবার পরিকল্পনা (সকল)................................................................ জেলা।
৯. কনসালটেন্ট/ মেডিক্যাল অফিসার (অব্‌স-গাইনী/এনেসথেসিয়া) (সকল), সদর হাসপাতাল.................... জেলা।
১০. সহকারী পরিচালক (সিসি) ও আঞ্চলিক সুপারভাইজার (এফপিসিএসটি/কিউএটি) (সকল).................... অঞ্চল।
১১. সহকারী পরিচালক (সিসি/ মেডিক্যাল অফিসার (সিসি), পরিবার পরিকল্পনা) (সকল)............................ জেলা।
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) .......................... উপজেলা, ..................... জেলা।
১৩. মেডিক্যাল অফিসার (ক্লিনিক/এমসিএইচ-এফপি) (সকল), মাও শিশু কল্যাণ কেন্দ্র/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) .............................................. উপজেলা, ................................................ জেলা।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

২৪/২/২৫

(ডাঃ মোহাম্মদ শরীফ)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং
লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬ কাওরান বাজার, ঢাকা

২৪/০২/২৫

(ডাঃ মোঃ কামরুল ইসলাম)
পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা এবং
লাইন ডাইরেক্টর, এমএনসিএএইচ
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা